

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩০৬

প. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

আরবী

(صحيح لغيره) و عَنْ أبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْأَبْعَدُ فَالْأَبْعَدُ مِنْ الْمَسْجِدِ أَعْظَمُ أَجْرًا. رواه أحمد وأبو داود وابن ماجه والحاكم وقال حديث صحيح مدني الإسناد

বাংলা

৩০৬. (সহীহ্ লি গাইরিহী) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ ''সর্বাধিক প্রতিদানের অধিকারী ঐ ব্যাক্তি যে মসজিদ থেকে অধিক দূরে থাকে এবং পায়ে হেঁটে হেঁটে মসজিদে আসে।''[1]

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ২/৪২৮, আবু দাউদ ৫৫৬, ইবনু মাজাহ্ ৭৮২ ও হাকেম ১/২০৮। হাকেম বলেনঃ হাদীছটি সহীহ্ এবং সনদের রাবীগণ মাদানী।)

ফুটনোট

[1] . মসজিদ থেকে যে যত দূরে অবস্থান করবে সে নিকটে অবস্থানকারীর চাইতে অধিক সাওয়াবের অধিকারী হবে। মসজিদ থেকে যত দূরেই থাকুন না কেন জামাআতে সালাত আদায় করার প্রতি এ হাদিসে উদ্বুদ্ধ করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন